

# একদিন

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ

**একদিন**

Website : www.ekdinnews.com  
 http://youtube.com/dailyekdin2165  
 Epaper : ekdin-epaper.com

শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

সপ্তাহ জুড়ে শেষের পাতায়

স্বপ্ন, আশা, স্বপ্ন

স্বপ্ন, আশা, স্বপ্ন

স্বপ্ন, আশা, স্বপ্ন

স্বপ্ন, আশা, স্বপ্ন

৭ রাউরকোলায় বিমান দুর্ঘটনার তদন্ত শুরু

৭ কেরলের পূর্ণাঙ্গ উন্নয়ন বিজেপির লক্ষ্য: শাহ

## এসআইআর চাপে ফের আত্মঘাতী এক বিএলও

নিজস্ব প্রতিবেদন, মুর্শিদাবাদ: এসআইআরে অসহ্য কাজের চাপে ফের আত্মঘাতী বিএলও! স্কুলের মধ্যেই আত্মঘাতী আরও এক বিএলও। শনিবার গভীর রাতে মর্মান্তিক ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের রানিভালা থানার অন্তর্গত পাইকমারি চর এলাকায়। মৃত ওই ব্যক্তির নাম হামিমুল ইসলাম। পরিবারের দাবি, এসআইআরের অত্যধিক কাজের চাপ। তা সহ্য করতে না-পেরেই গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হয়েছে বছর ৪৭-এর হামিমুল ইসলাম।

ইতিমধ্যে ঘটনার তদন্ত নেমেছে পুলিশ। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

এই ঘটনায় ইতিমধ্যে পরিবারের পাশে দাঁড়িয়েছেন ভগবানগোলের তৃণমূল বিশ্বায় রিয়াত হোসেন সরকার। ঘটনায় একযোগে বিজেপি এবং নির্বাচন কমিশনকে একহাত নিয়েছেন তিনি। বিশ্বায়ক বলেন, 'বিজেপির চাপে জাতীয় নির্বাচন কমিশন তড়াহড়ো করে এসআইআরের কাজ শেষ করতে চাইছে। সেই কারণে প্রত্যেক বিএলওর ওপর অত্যধিক কাজের চাপ রয়েছে। সেই চাপ নেওয়ার ক্ষমতা সকলের নেই।' এমনকি হামিমুলের ওপর এসআইআরের কাজের জন্য অত্যধিক চাপ ছিল। আর সেই কারণেই চরম সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে বলে জানান রিয়াত হোসেন সরকার।

স্থানীয় খড়িবোনো গ্রাম পঞ্চায়েতের পূর্ব আলাইপুর গ্রামের একটি বৃদ্ধে বিএলও হিসেবে কর্তব্যরত ছিলেন হামিমুল ইসলাম। শিক্ষাকতা করতেন পাইকমারি চর কৃষ্ণপুর বয়েজ প্রাথমিক বিদ্যালয়ে। পরিবারের দাবি, একদিকে শিক্ষকের পেশা অন্যদিকে বিএলও হিসাবে কঠিন দায়িত্ব সামালানো, ক্রমশ কঠিন হয়ে পড়ছিল হামিমুলের কাছে। এক সদস্য জানান, অন্যান্য দিনের মতোই শনিবার সকালেও ক্লাস নিতে স্কুলে গিয়েছিলেন হামিমুল ইসলাম। অন্যদিনি ক্লাস শেষ করে বিকেল ৩-৪ টা নাগাদ বাড়ি ফিরে আসতেন। কিন্তু শনিবার সময় পেরিয়ে গেলে বাড়ি ফেরেননি হামিমুল। এরপরই বিভিন্ন এলাকায় তাঁর খোঁজে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। গভীর রাতে পাইকমারি চর কৃষ্ণপুর বয়েজ প্রাথমিক বিদ্যালয়ের একটি ঘরের ভেতরে বুলুন্ত অবস্থায় উদ্ধার হয় ওই বিএলওর বুলুন্ত দেহ।

মৃত ওই বিএলওর দাদা ফরমান উল কালাম বলেন, 'শনিবার সময় পেরিয়ে গেলে বাড়ি না বাড়ি ফেরায় বিভিন্ন এলাকায় খোঁজ খুঁজি শুরু করি। রাতে পরিবারের এক সদস্য স্থানীয় এক খানার সিডিক ভলান্টিয়ারকে নিয়ে পাইকমারি চর কৃষ্ণপুর বয়েজ প্রাথমিক বিদ্যালয়ে যান। সেখানে অনেকক্ষণ ধরে খোঁজ চালাবার পর একটি ঘর থেকে বুলুন্ত অবস্থায় দেহ উদ্ধার হয়।' ঘটনায় নির্বাচন কমিশনকে একহাত নিয়েছেন মৃতের দাদা। তাঁর দাবি, 'কমিশন যে ভাবে এসআইআরের কাজ সম্পন্ন করার জন্য চাপ দিয়েছিল, তা সহ্য করতে পারেনি ভাই। সেই কারণেই আত্মঘাতীর পথ বেছে নিতে বাধ্য হয়েছে।'

তিনি বলেন, 'পরিবার এবং তাঁর কয়েকজন সহকর্মীর সঙ্গে কথা বলে জেনেছি, হামিমুলের ওপর এসআইআরের কাজের অত্যধিক চাপ ছিল। তাঁকে দিয়ে 'ম্যাপিং' এবং 'আনম্যাপিং'য়ের কাজ করানো হচ্ছিল। তা তিনি নিতে পারেননি। সেই কারণে আত্মঘাতীর মত চরম পথ বেছে নিতে বাধ্য হয়েছে।' বিশ্বায়কের কথায়, 'নির্বাচন কমিশন এবং বিজেপির অন্য এক বৃদ্ধের পর এক নির্বাহী জামায এবং বিএলওদের অকালে প্রাণ যাচ্ছে।'

# ইতিহাস মোছার চেষ্টা, সোমনাথ মন্দিরে কংগ্রেসকে তোপ মৌদীর

## আইপ্যাক-কাণ্ড প্রতীকের আবাসনের রেজিস্ট্রার বাজেয়াপ্ত

গির সোমনাথ, ১১ জানুয়ারি: ঔপনিবেশিক মানসিকতার লোকজন ইতিহাস মুছে ফেলার চেষ্টা করেছে। সোমনাথ স্বাভিমান পর্ব অনুষ্ঠানে এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রধানমন্ত্রী বলেন, 'দুর্ভাগ্যবশত, স্বাধীনতার পর ঔপনিবেশিক মানসিকতার লোকজন আমাদের গৌরবময় অতীতকে মুছে ফেলার চেষ্টা করেছে। তারা ইতিহাসকে মুছে ফেলার জন্য সন্তোষ সর্বকিছুই করেছে। যারা সোমনাথ মন্দিরের জন্য লড়াই করেছিলেন, তাঁদের প্রাণ্য স্বীকৃতি ও গুরুত্ব দেওয়া হয়নি। কিন্তু ইতিহাসবিদ ও রাজনীতিবিদ এমনকি এই আক্রমণকারীদের ইতিহাসকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করছেন। ধর্মীয় আক্রমণকে কেবল লুণ্ঠপাট হিসেবে আখ্যা দেওয়া হয়েছে। আমাদের পাঠ্যবইয়ে শোখানো হয়েছে যে, সোমনাথ মন্দিরটি এর ধনসম্পদ লুণ্ঠ করার জন্য ধ্বংস করা হয়েছিল। যুগা, নৃশংসতা এবং সন্ত্রাসের সেই নিষ্ঠুর ইতিহাস আমাদের কাছ থেকে গোপন রাখা হয়েছিল।'


প্রধানমন্ত্রী আরও বলেন, '২০২৬ সালটি সেই সময়ের সঙ্গে মিলে যায় যখন স্বাধীনতার পর ১৯৫১ সালের ১১ মে বর্তমান সোমনাথ মন্দিরটি ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হয়েছিল, যার পঁচাত্তর বছর পূর্ণ হবে। এই দুটি মাইলফলক একত্রে সোমনাথ স্বাভিমান পর্বের ভিত্তি তৈরি করেছে। এই আয়োজনটি ধ্বংসের স্মৃতিচারণ হিসেবে নয়, বরং সহনশীলতা, বিশ্বাস এবং সভ্যতার আত্মসম্মানের ১০০০ বছরের দীর্ঘ যাত্রার প্রতি শ্রদ্ধা নিবেদন হিসেবে কল্পনা করা হয়েছে।'

দেশকে বিভক্ত করে এমন শক্তিকে পরাস্ত করতে হবে, সোমনাথ স্বাভিমান পর্ব অনুষ্ঠানে



দুর্ভাগ্যবশত, এখনও সেই শক্তিগুলো সক্রিয় রয়েছে, যারা সোমনাথ মন্দিরের পুনর্নির্মাণের বিরোধিতা করেছিল। তরবারির বদলে এখন ভারতের বিরুদ্ধে গোপন ষড়যন্ত্র করা হচ্ছে। আমাদের তাদের সম্পর্কে আরও সচেতন হতে হবে। আমাদের বিজেদের শক্তিশালী করতে হবে এবং এক্যবদ্ধ থাকতে হবে। আমাদের বিভক্ত করার চেষ্টাকারি প্রতিটি শক্তিকে পরাজিত করতে হবে। গত ১০০০ বছরের এই যাত্রা আমাদের আগামী ১০০০ বছরের জন্য প্রস্তুত হতে অনুপ্রাণিত করবে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র রবিবার সকালে গির সোমনাথে সোমনাথ স্বাভিমান পর্বের অংশ হিসেবে আয়োজিত একটি প্রতীকী শোভাযাত্রা, 'শৌর্ভ যাত্রা'য় অংশ নেন। মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং উপমুখ্যমন্ত্রী হর্ষ সাংভিও সেখানে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী সোমনাথ মন্দিরে পূজার্চনাও করেন। পরে এক জনসভায় ভাষণ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, '২০২৬ সালটি সেই সময়ের সঙ্গে মিলে যায় যখন সপ্তমবারের পর ১৯৫১ সালের ১১ মে বর্তমান সোমনাথ মন্দিরটি ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হয়েছিল, যার পঁচাত্তর বছর পূর্ণ হবে। এই দুটি মাইলফলক একত্রে সোমনাথ স্বাভিমান পর্বের ভিত্তি তৈরি করেছে। এই আয়োজনটি ধ্বংসের স্মৃতিচারণ হিসেবে নয়, বরং সহনশীলতা, বিশ্বাস এবং সভ্যতার আত্মসম্মানের ১০০০ বছরের দীর্ঘ যাত্রার প্রতি শ্রদ্ধা নিবেদন হিসেবে কল্পনা করা হয়েছে। শতাব্দীর পর শতাব্দী ধরে সোমনাথ বারবার আক্রমণকারীদের নিশানা হয়েছে এবং একই ভাবে ভারতীয় সভ্যতা ও অস্তিত্বও, কিন্তু সোমনাথও ধ্বংস হয়নি, ভারতও নয়।'



নিজস্ব প্রতিবেদন: আইপ্যাক-কাণ্ড তদন্তের গতি আরও বাড়াল কলকাতা পুলিশ। সংহার কর্ণধার প্রতীক জৈনের আবাসন থেকে নিরাপত্তারক্ষীদের রেজিস্ট্রার বুক বাজেয়াপ্ত করা হয়েছে। একই সঙ্গে ওই আবাসনের একাধিক বাসিন্দা ও কবীকে জিজ্ঞাসাবাদের জন্য নোটিস পাঠানো হয়েছে। ফেসিলিটি ম্যানেজারকেও তলব করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

তদন্তকারীদের মূল প্রশ্ন, এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা তন্ত্রাশির সময় আবাসনের গেটে ঢোকার মুহূর্তে নিরাপত্তারক্ষীদের রেজিস্ট্রার বুক সই করেছিলেন কি না। গেটের নথিই বলবে, কে কখন ভিতরে ঢুকেছিল, এমনটাই জানিয়েছেন এক তদন্তকারী আধিকারিক। ইতিমধ্যে তিন জন নিরাপত্তারক্ষীর বয়ান রেকর্ড করা হয়েছে। ফেসিলিটি ম্যানেজারকে নোটিস পাঠিয়ে বাকি নিরাপত্তারক্ষীদের নাম ও ডিউটি-সূচি চাওয়া হয়েছে। পাশাপাশি, আবাসনের বেশ কয়েকজন বাসিন্দার বক্তব্যও নথিভুক্ত করতে চায় পুলিশ। তাঁদেরও নোটিস দিয়ে হাজিরা দিতে বলা হয়েছে।

শুধু তাই নয়, প্রতীক জৈনের বাড়ির পরিচরিকা এবং বক্তৃতার নিরাপত্তার দায়িত্বে থাকা কর্মীদের বয়ানও পুলিশের তরফে রেকর্ড করা হয়েছে বলে জানা গিয়েছে। উল্লেখযোগ্য ভাবে, বৃহস্পতিবার ভোর সওয়া ৩টা নাগাদ লাউডন স্ট্রিটে প্রতীক জৈনের ফ্ল্যাটে ইডির তন্ত্রাশির শুরু হলেও, প্রায় পাঁচ ঘণ্টা পরে ই-মেল করে সেই তন্ত্রাশির কথা কলকাতা পুলিশকে জানানো হয়। এই সময়সীমার ফাঁকিও খতিয়ে দেখা হচ্ছে, জানাচ্ছেন তদন্তকারীরা।

## এসআইআর নিয়ে মমতার চিঠির কড়া জবাব শুভেন্দুর

## নবান্নের সামনে ধর্মীর অনুমতি পেতে হাইকোর্টে

## চন্দ্রকোনা রোড-কাণ্ডে রিপোর্ট তলব কেন্দ্রের

নিজস্ব প্রতিবেদন: রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) যিরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগকে কার্যত 'ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রসারিত' বলে খারিজ করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুক্রবার কেন্দ্রীয় মুখ্য নির্বাচনী আধিকারিক জ্ঞানেশ কুমারকে চিঠি লিখে তিনি স্পষ্ট অভিযোগ দাবি করেন, এই প্রক্রিয়া বানচাল করতেই 'অযৌক্তিক আতঙ্ক' ছড়ানোর চেষ্টা চলছে।

চিঠিতে শুভেন্দু লেখেন, 'এসআইআর এমন এক স্বচ্ছ প্রক্রিয়া, যা রাজ্যে দীর্ঘদিন ধরে পুষ্ট হওয়া ভুলো, নকল ও অর্ধে প্রক্রিয়ারে অভিজ্ঞদের আনবে।' তাঁর অভিযোগ, এই বাস্তবতা তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক স্বার্থে অঘাত্য ভুলছে। 'হিস্টোরিয়াল' ভুলছেন। মমতার চিঠিতে এসআইআরকে 'অমানবিক' ও 'অপরিকল্পিত' বলা প্রসঙ্গে বিরোধী দলনেতার পালাটা মন্তব্য, 'এগুলি

নবান্নের সামনে ধর্মীর অনুমতি পেতে হাইকোর্টে

নিজস্ব প্রতিবেদন: দিল্লিতে তৃণমূল সাংসদদের স্বরাষ্ট্রমন্ত্রকের অফিসের সামনে বিনা অনুমতিতে ধর্মীর পালাটা হিসেবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবার খাস নবান্নের সামনে অবস্থান বিক্ষোভের পথে। পুলিশ অনুমতি না-পাওয়ায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন নন্দীগ্রামের বিশ্বায়ক। আগামী ১৫ বা ১৬ জানুয়ারির মধ্যে যে কোনও একদিন সারাদিন নবান্ন রণাঙ্গনে বসার সংকল্প তাঁর। সম্প্রতি ইডি অভিযানের প্রতিবাদেও কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে তৃণমূল সাংসদরা দিল্লির নর্থ ব্লকে অমিত শাহের অফিসের সামনে ধর্মীর বসেছিলেন। এই ঘটনা জাতীয় রাজনীতিতে বাড় তুলেছে। এখন বঙ্গ বিজেপি সেই কৌশলকে উল্টো দিকে ব্যবহার করতে প্রস্তুত। শুক্রবার থেকেই শুভেন্দু কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের দপ্তরের বাইরে তৃণমূলের আন্দোলনের প্রতিউত্তরে নবান্ন ধর্মীর পরিকল্পনা শুরু করেন।

বিরোধী দলনেতা। আগামী মঙ্গলবার দুপুর দুটোয় 'চন্দ্রকোনা রোড অল'-এর ডাক দিয়ে তিনি বলেন, 'রাষ্ট্রের সঙ্গে ভাঙা লাগিয়ে হাজার হাজার মানুষ চন্দ্রকোনা অচল করবে।' অন্যদিকে, গোটা অভিযোগকে উড়িয়ে দিয়েছে শাসনদল তৃণমূল কংগ্রেস। রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারের কটাক্ষ, 'এটা সাজানো নাটক। ৩০-৪০ জন সশস্ত্র কেন্দ্রীয় জওয়ানের ঘেরাটোপে থাকা একজন নেতা কি ১০-১২ জন স্লোগান দেওয়া মানুষের পায় পায়?' তাঁর দাবি, সাধারণ মানুষের জীবনযাত্রা বাহ্যত করা ও জেলায় অস্থিরা তৈরি এই 'চিব্রোনাট্যের' উদ্দেশ্য।

হামলা না নাটক, চন্দ্রকোনা রোডের ঘটনায় রাজ্য রাজনীতি এখন এই প্রশ্নেই বিভক্ত। রিপোর্টের অপেক্ষায় দিল্লি, আর উত্তাপ বাড়ছে বাংলার রাজপথে।

চলিয়েছে।' পুলিশিয়া থেকে ফেরার পথে চন্দ্রকোনা রোডে তাঁর গাড়ি যিরে বিক্ষোভ হয়। অভিযোগ, পুলিশের উপস্থিতিতেই লাঠি-বাঁশ হাতে হামলা চালান তৃণমূল কর্মীরা। এই ঘটনার প্রতিবাদে চন্দ্রকোনা রোড ফাঁড়িতে দীর্ঘক্ষণ ধর্মীর বসেন তিনি। রবিবার সকালে তিনি স্পষ্ট জানান, 'জিডির রিসিভড কপি নিয়েই হাইকোর্টে যাব।'

শুধু আইনি পথ নয়, আন্দোলনের ইঁশিয়ারিও দিয়েছেন



**বাড়ল তাপমাত্রা**

এক ধাক্কায় প্রায় চার ডিগ্রি বেড়ে গেল কলকাতার তাপমাত্রা। শুধু কলকাতা নয়, দক্ষিণবঙ্গের একাধিক জেলায় পারদ চড়েছে। তাপমাত্রা পৌঁছে গিয়েছে স্বাভাবিকের চেয়েও উপরে। যদিও আলিপুর আবহাওয়া দফতর বলছে, এখনই শীতের হাত থেকে নিস্তার নেই। শনিবার কলকাতার পারদ নোমেছিল ১১.৫ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত। তার পর এক ধাক্কায় ১৫ ডিগ্রিতে পৌঁছে গিয়েছে সর্বনিম্ন তাপমাত্রা।

**ফের ঝাঁপ**

নেতাজি ভবন স্টেশনে চলন্ত ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করলেন এক যাত্রী। এর জেরে রবিবার সন্ধ্যায় কলকাতা মেট্রোর ব্লু লাইনে আবার ধাক্কে যায় পরিষেবা। মাঝে প্রায় ঘণ্টাখানেক দক্ষিণেশ্বর থেকে ময়দান এবং মহানায়ক উত্তম কুমার থেকে শহিদ স্কুদিরামের মাঝে ভাঙা পথে মোট্রো চলে। সন্ধ্যা প্রায় সাড়ে ৭টা নাগাদ সম্পূর্ণ পথে পরিষেবা চালু হয়েছে।

**রহস্যমৃত্যু**

বৈঠকখানা থেকে উদ্ধার অর্ধমরা দেহ। দেহের নিম্নভাগে নেই কোনও পোশাক! ঘটনাটি ঘটেছে আর্মহাস্ট স্ট্রিট থানা এলাকার চিত্তামণি দাস লেন এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম অমিতাভ দে। বয়স ৬২ বছর। চিত্তামণি দাস লেনের বাসিন্দা ছিলেন। অমিতাভাবর অবিবাহিত। দোতলা বাড়িতে তিনি একাই থাকতেন। তবে ভাইএকাই দেবশিশিরের সঙ্গে তাঁর যোগাযোগ ছিল বলে জানতে পেরেছে পুলিশ।

**নোটিস**

এসআইআরের নোটিস পেলেন ভারতীয় প্রাক্কন নৌসেনাপ্রধানও অবসরপ্রাপ্ত অ্যাডমিরাল অরুণ প্রকাশকে শুনানির নোটিস পাঠিয়েছে নির্বাচন কমিশন। বাড়ি থেকে প্রায় ১৮ কিলোমিটার দূরে এক শুনানিকেড্রে ডাকা হয়েছে তাঁকে। শুধু নৌসেনার প্রাক্কন প্রধানকেই নয়, ডাকা হয়েছে তাঁর স্ত্রীকেও। ২০ বছর আগে অবসর নিয়েছেন অ্যাডমিরাল অরুণ। বৃদ্ধ দম্পতিকে বডি ডিম দিয়ে শুনানিকেড্রে ডাকা হয়েছে।

## পাতাললোক থেকে পরপারে প্রশান্ত তামাং

নয়াদিল্লি, ১১ জানুয়ারি: পাহাড়ী নেমে এল শোকের ছায়া। প্রয়াত জনপ্রিয় গায়ক ও অভিনেতা প্রশান্ত তামাং। রবিবার সকাল ৯টা নাগাদ দিল্লির একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। তাঁর বয়স হয়েছিল ৪৩ বছর। জানা গিয়েছে, অরুণাচল প্রদেশে একটি গানের অনুষ্ঠানে যোগ দিয়ে সেখান থেকে দিল্লি ফেরার পরে হঠাৎই অসুস্থ হয়ে পড়েন প্রশান্ত। পরিবারের দাবি, তাঁর কোনও পূর্ববর্তী শারীরিক সমস্যা ছিল না। শনিবার রাতে আচমকা স্ট্রোক হয়। ২০০৭ সালে 'ইন্ডিয়ান আইডলের' বিজয়ী প্রশান্ত ২০১৪ সালে 'পাতাললোক' গুয়েব সিরিজে খলনায়কের চরিত্রে অভিনয় করেন প্রশান্ত। কুড়িয়েছিলেন। একসময় কলকাতা



পুলিশের কনস্টেবল ছিলেন তিনি। জন্ম দার্জিলিংয়ে, সেখানই স্ত্রী-কন্যার সঙ্গে থাকতেন। তাঁর আকস্মিক প্রয়াগে স্ত্রু মুকুট 'ইন্ডিয়ান আইডল'ের মুকুট শোকহত মুখ্যমন্ত্রী

জয়ের পর রাতারাতি জাতীয় স্তরে আলোচনার কেন্দ্রবিন্দুতে চলে এসেছিলেন প্রশান্ত তাঁকে। কলকাতা পুলিশের কর্মী থেমে শুষ্ক করে গানের মেঞ্চের মহাতারকা হয়ে ওঠার এই সফরটি ছিল মোটা আনেকটা রূপকথার মতো। ছোটবেলা থেকেই গানের প্রতি আগ্রহ টান ছিল তাঁর। সেই সুবাদেই ইন্ডিয়ান আইডলের অংশ নেন। প্রথম থেকেই শ্রোতাদের নজর কেড়ে নিয়েছিলেন প্রশান্ত। নেপালি ভাষী

প্রশান্ত তামাংয়ের আকস্মিক ও অকাল প্রয়াগে গভীর শোকপ্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জাতীয় স্তরে সুপরিচিত এই শিল্পীর মৃত্যুতে রাজ্যজুড়ে নেমে এসেছে শোকের ছায়া। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, প্রশান্ত তামাংয়ের হঠাৎ চলে যাওয়া অত্যন্ত দুঃজনক। দার্জিলিং পাহাড়ের মাটি ছিল তাঁর শিকড়, আর একসময় কলকাতা পুলিশের সঙ্গে যুক্ত থাকার কারণে তিনি বাংলার কাছে বিশেষ ভাবে আপন ছিলেন। তিনি আরও জানান, এই ক্ষতি শুধু সংগীতজগতের নয়, অগণিত অনুরাগীর হৃদয়ে গভীর শূন্যতা তৈরি করল। মুখ্যমন্ত্রী প্রয়াত শিল্পীর পরিবার, বন্ধু ও অসংখ্য অনুরাগীর প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন।

## তালিকার ফাঁক ভরাটে বিএলওদের নয়া নির্দেশ



নিজস্ব প্রতিবেদন: পুরনো এসআইআর তালিকায় নাম থাকা সত্ত্বেও যাদের তথ্য ডিজিটাল ম্যাপিংয়ে ধরা পড়েনি, সেই ভোটারদের তথ্য নতুন করে সংগ্রহ ও আপলোডের নির্দেশ দিল নির্বাচন কমিশন। বৃহস্পতির আধিকারিকদের (বিএলও) বাড়ি বাড়ি গিয়ে যাচাই করে তথ্য 'সার্টিফাই' করারও নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের স্পষ্ট বক্তব্য, প্রযুক্তিগত ত্রুটির দায় ভোটারের বাড়ি চাপানো যাবে না।

২০০২ সালের নিবিড় সংশোধনের (এসআইআর) তালিকায় থাকা বহু ভোটারের নাম প্রযুক্তিগত গোলাযোগে বর্তমান ডেটাবেসে ম্যাপ হয়নি। ফলে তাঁদের শুনানির জন্য ডাকা হয়েছে, পরে কমিশন জানায়, এই শ্রেণির ভোটারদের শুনানিতে হাজির হওয়ার প্রয়োজন নেই। বিএলও সরেজমিনে যাচাই করবেন, সেই তথ্যই চূড়ান্ত হবে, কমিশনের তরফে এমনই বার্তা।

পশ্চিমবঙ্গ-সহ দেশের ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৪ নভেম্বর শুরু হয়েছিল এসআইআর প্রক্রিয়া। বাংলাদেশ ১১ ডিসেম্বর শেষ হয় অনুমার্শন, ১৬ ডিসেম্বর তালিকায় প্রায় ২৪ লক্ষ ভোটার প্রকাশিত হয় বসড়া তালিকা। সেখান থেকে বাদ পড়ে ৫৮ লক্ষের বেশি নাম। 'নো ম্যাপিং' তালিকায় প্রায় ৩০ লক্ষ ভোটারকে চিহ্নিত করা হয় বলে কমিশন আগেই জানিয়েছিল। আরও এক জটিলতা 'প্রজেনি ম্যাপিং'। একজন অভিভাবকের নামে ছয়ের বেশি সম্মানের তথ্য জমা পড়লে তা সন্দেহজনক ধরা হচ্ছে। সূত্রের খবর, কোথাও কোথাও একই বাবার নামে শতাধিক ভোটারের এন্ট্রি মিলেছে। এই ভুল তালিকায় প্রায় ২৪ লক্ষ ভোটার রয়েছে। শুনানির নোটিস প্রস্তুত, কমিশনের।



# আমার শহর

কলকাতা ১২ জানুয়ারি ২০২৬, ২৭ পৌষ ১৪৩১ সোমবার

## আজ থেকে শুরু চতুর্থ সেমেস্টারের পরীক্ষা উচ্চ মাধ্যমিকে ডিজিটাল টিউটোরিয়ালে ভরসা সংসদের, জোর সেক্ষ লার্নিংয়ে

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: পরীক্ষার আগে পাঠ্যসূচি শেষ করার দৌড়ে পড়ুয়াদের যে ঘাটতি তৈরি হয়েছে, তা পূরণিয়ে দিতে ডিজিটাল পথে বড় পদক্ষেপ নিল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। তৃতীয় সেমেস্টার শেষ হওয়ার পর চতুর্থ তথা চূড়ান্ত সেমেস্টারের প্রস্তুতির জন্য সময় কম, এই বাস্তবতাকে সামনে রেখেই 'সেক্ষ লার্নিং'-এ জোর দিল সংসদ।

সংসদ সূত্রের খবর, মোট ৫২টি বিষয়ে ৪০০-রও বেশি টিউটোরিয়াল ডিভিও ইতিমধ্যেই সংসদের অফিসিয়াল ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে আপলোড করা হয়েছে। শুধু গুরুত্বপূর্ণ অধ্যায়ের আলোচনা নয়, পরীক্ষায় কম সময়ে কীভাবে নম্বর তোলা যায়; এই প্রশ্নেরও স্পষ্ট দিশা দেওয়া হয়েছে। কত শব্দে উত্তর লিখলে ভালো নম্বর মিলবে, উত্তরের কাঠামো কেমন হলে পরীক্ষকের



চোখে পড়ে; এসব ব্যবহারিক কৌশলও তুলে ধরা হয়েছে ডিভিওগুলিতে। ভাষাগত বৈচিত্র্যের কথা মাথায় রেখে বাংলা ও ইংরেজির পাশাপাশি

নেপালি-সহ একাধিক ভাষায় এই ডিভিও তৈরি হয়েছে। বিশেষ করে উত্তরবঙ্গের পড়ুয়াদের সুবিধার্থে সেখানকার অভিজ্ঞ শিক্ষকদের যুক্ত করা হয়েছে বলে জানিয়েছে সংসদ। সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্যের কথায়, পরীক্ষার আগে নিজের মতো করে প্রস্তুতিই সবচেয়ে গুরুত্বপূর্ণ। ডিজিটাল মাধ্যম সেই প্রস্তুতিকে আরও শক্ত করবে। তাঁর আশা, ইন্টারনেটের সহজলভ্যতায় এই শিক্ষাসামগ্রী দ্রুত পড়ুয়াদের হাতে পৌঁছবে।

শুধু পড়ুয়া নয়, শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতেও নজর দিয়েছে সংসদ। সচিব প্রিয়দর্শনী মল্লিক জানান, আগামী সপ্তাহে রাজ্যের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি হবে। উল্লেখ্য, আজ থেকে শুরু চতুর্থ সেমেস্টারের পরীক্ষা।

## বাংলায় গণতন্ত্রের স্বাস্রোধ, চন্দ্রকোনা হামলা ঘিরে মুখ্যমন্ত্রীকে আক্রমণ সুকান্তর

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: চন্দ্রকোনা রোডে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার অভিযোগকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে তীব্র আক্রমণে নামলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি সুকান্ত মজুমদার। তাঁর অভিযোগ, পশ্চিমবঙ্গে গণতন্ত্রের পতন আর তত্ত্বের বিষয় নয়, তা এখন প্রতিদিন প্রকাশ্যেই দেখানো হচ্ছে। সুকান্ত বলেন, বার্থ ও স্বৈরাচারী মুখ্যমন্ত্রীর শাসনে, দলদাস ও মেরুদণ্ডহীন পুলিশের মদতেই বাংলায় গণতন্ত্র কার্যত গলা টিপে হত্যা করা হয়েছে। তাঁর দাবি, পুরলিয়ায় পূর্বনির্ধারিত রাজনৈতিক কর্মসূচি সেের ফেরার পথে চন্দ্রকোনা রোডে



শুভেন্দু অধিকারীর উপর যে হামলা হয়েছে, তা সম্পূর্ণ পরিকল্পিত এবং শাসকদলের মদতে সংগঠিত।

হাতে দক্ষতীরা হামলা চালান, আর রাজ্য পুলিশ নীরব দর্শকের মতো দাঁড়িয়ে রইল। তিনি জানান, কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর দ্রুত হস্তক্ষেপ না হলে বিরোধী দলনেতা প্রাণনাশের আশঙ্কা ছিল। এই ঘটনাকে তিনি উত্তরবঙ্গে বিজেপি সাংসদ ও বিধায়কদের উপর হামলার ছক্কেরই পুনরাবৃত্তি বলে উল্লেখ করেন। তাঁর তীব্র মন্তব্য, যে রাজ্যে বিরোধী দলনেতাও নিরাপদ নন, সেখানে গণতন্ত্র বলে আর কিছু অবশিষ্ট নেই। মুখ্যমন্ত্রী ও রাজ্য পুলিশের বিরুদ্ধে সরাসরি আঙুল তুলে সুকান্ত মজুমদার বলেন, এটি রাষ্ট্রীয় মদতে রাজনৈতিক সন্ত্রাস। ইতিহাস এই বার্থ সরকারকে ক্ষমা করবে না।

## প্রতারণার অভিযোগ, গ্রেপ্তার বাপি সেনের ছেলে



নিজস্ব প্রতিবেদন, পার্কস্ট্রিট: পার্কস্ট্রিটের সেই রক্তাক্ত স্মৃতি আজও শহরের বুকে চিরে আছে। ইভটিজি রুখতে গিয়ে প্রাণ হারানো কলকাতা পুলিশের সার্জেট বাপি সেনের নাম মানেই কর্তব্য আর প্রতিবাদের প্রতীক। কিন্তু দুর্ভাগ্যের পর সেই নামই ফিরল সম্পূর্ণ ভিন্ন কারণে। প্রতারণার অভিযোগে গ্রেপ্তার হল তাঁর ছেলে শঙ্কুশঙ্ক সেন।

শনিবার গভীর রাতে বেহালার পূর্ণশ্রী এলাকা থেকে শঙ্কুশঙ্ক আটক করে দিল্লি পুলিশ।

## অফিসপাড়ায় হবে নতুন পাইপ লাইন বসানোর কাজ

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: কলকাতার অফিসপাড়ার বৃষ্টি দিনের পর দিন জমে থাকা এক নীরব সঙ্কট; পানীয় জলের অভাব। বিবাদী বাণ, বড়বাজার, চিনা বাজার-সহ একাধিক ব্যস্ত অফিসপাড়ায় কল ঘুরলেও জল নামে না। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কর্মচারী এই এলাকাগুলিতে কাজ করা শ্রমিক, কর্মচারী ও ব্যবসায়ীদের কাছে জলের সমস্যা হয়ে উঠেছে নিত্যদিনের দুর্ভোগ। এই প্রেক্ষাপটে কলকাতা পুরসভা এবার সমস্যার গোড়ায় হাত দিতে চাইছে। সিদ্ধান্ত, মাটির নিচে থাকা বহু বছরের পুরনো জলের পাইপ বদলে ফেলা হবে। পুরসভার এক অধিকারিকের বক্তব্য, এই পাইপগুলোর বয়সই এখন সবচেয়ে বড় সমস্যা। চাপ বাড়লেই ফটল ধরছে, তাই স্বাভাবিক সরবরাহ রাখা যাচ্ছে না। জানা যাচ্ছে, জানুয়ারির শেষ সপ্তাহ থেকেই কাজ শুরু হক কমা হয়েছে। লক্ষ্য একটাই: গ্রীষ্ম শুরু হওয়ার আগেই অফিসপাড়ার জলসংকট থেকে মুক্তি। তবে রাস্তা খুঁড়ে কাজ মানেই যান চলাচলে প্রভাব। লালবাজার-সংলগ্ন এলাকা হওয়ায় পুরসভা আগেভাগেই ট্রাফিক পুলিশের সঙ্গে সমন্বয়ের পথে হাটছে। কাজ শুরুর আগে 'নো অবজেকশন' নেওয়ার জন্য বাধ্যতামূলক করা হচ্ছে।

## অর্থনৈতিক অবস্থায় বৃদ্ধির দেহ উদ্ধার, আত্মহত্যা না খুন?

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: আর্থনৈতিক চিন্তামগ্ন দাস লেনে শনিবার সকাল থেকে রহস্যের ছায়া। দোতলা বাড়ির উদয়রুমে অর্থনৈতিক অবস্থায় পড়ে আছেন ৬২ বছরের অমিতাভ দে; নিম্নাঙ্গে কোনও পোশাকও নেই। কীভাবে মৃত্যু হল, তা স্পষ্ট নয়। আত্মহত্যা নাকি খুন, তদন্ত চলছে, জানাশুনো পুলিশ কর্মকর্তা। অবিবাহিত অমিতাভ দোতলা বাড়িতে তিনি একই থাকতেন। ভাইপো দেবাশিস জানান, ৭ জানুয়ারি সকালে শেষবার কাঁকাকান্টে ফোন করেছিলেন, তারপর কোনো সাড়াশব্দ নেই। বাড়িতে এসে ডাকাডাকি করেও দরজা খুলল না। খবর পেয়ে পুলিশ দরজা ভেঙে ঢুকে অর্থনৈতিক মৃতদেহ বের করে। দেহ কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টেই মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। পুলিশ তদন্ত শুরু করেছে, বলেন তদন্তকারী অফিসার। এমন ঘটনা চিন্তামগ্ন দাস লেনে আগে কখনো ঘটেনি, প্রতিবেশীদের কথায় এলাকায় আতঙ্কের ছায়া। পুলিশ হত্যার ছায়া থেকে দুর্ঘটনার সন্তাননা; সব দিক খতিয়ে দেখাচ্ছে। শহরের হৃদয়ে এই রহস্যময় মৃত্যু স্থানীয়দের মনে ভয়ের সঞ্চার করেছে।

উল্লেখযোগ্যভাবে, ডিসেম্বরের পুরসভা অধিবেশনে এই সমস্যা তুলেছিলেন ৪৫ নম্বর ওয়ার্ডের কংগ্রেস কাউন্সিলার সন্তোষ কুমার পাঠক। তখন মেয়র ফিরহাদ হাকিম আশ্বাস দিয়েছিলেন, সমস্যাটি উপেক্ষা করা হবে না। সেই আশ্বাসই এবার বাস্তবের মাটিতে নামার পথে।



বাগদেবীর আরাধনার প্রস্তুতি...। কুমোহট্টুলিতে ছবিটি লেগবন্দি করেছেন অদিতি সাহা।

## প্রাথমিক শিক্ষা পর্ষদের তথ্য সংগ্রহে জটিলতা, সুপ্রিম কোর্টের রায় বাস্তবে আটকে



নিজস্ব প্রতিবেদন, কলকাতা: সুপ্রিম কোর্টের নির্দেশের স্বাধীন বাস্তবায়নে সমস্যা দেখা দিচ্ছে, এক বিদ্যালয় প্রধানের স্পষ্ট মন্তব্য। বিগত মাসে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক

স্পষ্ট নির্দেশ ছিল; প্রাথমিক ও উচ্চ প্রাথমিকে কর্মরত সকল শিক্ষক-শিক্ষিকাকে টেট বাধ্যতামূলকভাবে পাশ করতে হবে। প্রাথমিক শিক্ষা পর্ষদ ইতিমধ্যে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ (ডিপিএসসি) ও বিদ্যালয় পরিদর্শকদের কাছ থেকে এক থেকে চতুর্থ শ্রেণির শিক্ষক-শিক্ষিকাদের তালিকা সংগ্রহ করে ফেলেছে। উচ্চ প্রাথমিক স্তরে তথ্য পাওয়া গেলেও নির্দিষ্ট তালিকা তৈরিতে বাধা। ১৯৯৮ থেকে ২০১৬ সাল পর্যন্ত স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পঞ্চম থেকে দশম শ্রেণির শিক্ষক নিয়োগের হিসাব মিশ্রিত হয়ে যাওয়ায় আলোচনা তথ্য বের করা প্রায় অসম্ভব। এক কর্তা বলেছেন,

আইওএসএমএস পোর্টালে বেতনের তথ্য রয়েছে, কিন্তু উচ্চ প্রাথমিকে সঠিক সংখ্যা যাচাই হয়নি। এই অব্যবস্থাপনায় শিক্ষক-প্রধানরা উদ্বিগ্ন। প্রধান শিক্ষক সমিতি, এপিজেটিউইএ ও শিক্ষানুরাগী একা মঞ্চের মতো সংগঠন দাবি তুলেছে, দিল্লিকে দ্রুত তথ্য পাঠানো জরুরি। প্রাথমিক স্তরে মোট ১ লাখ ৪০ হাজার শিক্ষক-শিক্ষিকার লক্ষ্য প্রায় ৬০ হাজারের নিম্নে টেটের ভিত্তিতে হয়নি। ২০০৬-২০১০ এবং ২০০৯-এর পরবর্তী নিয়োগ পদ্ধতির ভিন্নতায় উচ্চ প্রাথমিকে সংখ্যার নির্ভুল হিসাব অসম্ভব। এখন তথ্যের গুণ্ডতা নিশ্চিত করাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

## প্রশাসন ঢাল হয়ে দাঁড়িয়েছে তদন্তের সামনে ইডি অভিযান নিয়ে মুখ্যমন্ত্রীর ভূমিকায় কটাক্ষ শমীকের



নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ইডির তদন্ত অভিযান ঘিরে রাজ্য রাজনীতিতে নতুন করে উত্তাপ ছড়াল। সন্টসেকের বিজেপি রাজ্য দপ্তরে সাংবাদিক সম্মেলন করে রাজ্য সভাপতি ও রাজসভার সাংসদ শমীক ভট্টাচার্য মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে তদন্তে হস্তক্ষেপের ওরুত্তর অভিযোগ তোলেন। তাঁর স্পষ্ট দাবি, আদালতের নির্দেশে চলা তদন্ত থামাতে সম্পূর্ণ

প্রশাসনকে সামনে এনে দাঁড় করাণে হয়েছে। শমীকের বক্তব্য, ৮ জানুয়ারি ইডির অভিযানের সময় মুখ্যমন্ত্রী নিজে ঘটনাস্থলে পৌঁছে একটি বেসরকারি সংস্থার কর্তব্যধারকে কার্যত আড়াল করার চেষ্টা করেন। অভিযোগের তালিকায় রয়েছে সরকারি নথি কেড়ে নেওয়া, নির্দিষ্ট গাড়িতে ফাইল বহন এবং এমনকী মুখ্যমন্ত্রীর ব্যবহৃত গাড়ির নম্বর স্টেট নিজেও প্রশ্ন। তাঁর কথায়, এই ঘটনাগুলো স্বাভাবিক ভাবেই সন্দেহ জাগায়; কয়লা কেলেঙ্কারি, হাওয়ানা ও রাজনৈতিক অর্ধের যোগ কোথায়?

## বাস যাত্রীদের সুরক্ষায় নতুন যাত্রী নিরাপত্তা ও সুরক্ষা সেল গঠন রাজ্যের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: যাত্রীদের নিরাপত্তা ও সুরক্ষা আরও শক্তিশালী করতে রাজ্য সরকারের নির্দেশে নতুন 'যাত্রী নিরাপত্তা ও সুরক্ষা সেল' গঠনের পদক্ষেপ নেওয়া হয়েছে। পাশাপাশি বাসে অগ্নিকাণ্ড প্রতিরোধে বিশেষ নির্দেশিকা জারি হয়েছে, যা সরকারি ও বেসরকারি সকল বাসে কার্যকর করা হবে। সেলের কাজের মধ্যে রয়েছে চালক ও কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ, যাত্রীদের নিরাপত্তা সচেতনতা বৃদ্ধি এবং দুর্ঘটনা মোকাবেলায় এসওপি কার্যকর করা।

## কুয়াশা ও উত্তুরে হাওয়ার যুগলবন্দী, পারদ নামলেও শীতের দখলেই বাংলা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ঘন কুয়াশার সতর্কতা আর তাপমাত্রার স্থবিরতার জেরেই বাংলাজুড়ে শীতের স্থায়ী থাকা। আলিপুর আবহাওয়া দপ্তরের আবহাওয়াবিদ অক্ষয় ভট্টাচার্যের কথায়, আগামী পাঁচ থেকে সাতদিন তাপমাত্রা বড় কোনও বদল নেই। শীতের অনুভূতি একই রকম থাকবে। সর্বনিম্ন তাপমাত্রায় উল্লেখযোগ্য ওঠানামা না হলেও রাজ্যজুড়ে পারদ স্বাভাবিকের নিচেই ঘোরাফেরা করবে। তাঁর ব্যাখ্যা, দক্ষিণবঙ্গে সর্বোচ্চ তাপমাত্রা আগামী তিনদিন স্বাভাবিকের তুলনায় প্রায় ২ ডিগ্রি কম থাকবে, পরে সামান্য বাড়তে পারে। উত্তরবঙ্গে তা ২ থেকে ৪ ডিগ্রি নিচে থাকবে। মালদায় শনিবার শীতল দিনের পরিস্থিতি দেখা গিয়েছে। রবিবারও মালদা ও উত্তর দিনাজপুরের কিছু অংশে শীতল দিন হিসেবেই থাকল। উত্তর-পশ্চিম দিক থেকে ঠান্ডা বাতাস অব্যাহে ঢোকায় সূর্যাস্তের পর শীত আরও তীব্র হচ্ছে। কুয়াশার দাপট উত্তরবঙ্গে বাজায় থাকবে দার্জিলিং, দুই দিনাজপুর, মালদা, কোচবিহার ও

জলপাইগুড়িতে ঘন কুয়াশার সম্ভাবনা। রবিবারের সর্বোচ্চ তাপমাত্রা প্রায় ২২ ডিগ্রি ও সর্বনিম্ন ১৩ ডিগ্রির সেলসিয়াসের আশেপাশে। পৌষ সংক্রান্তিতেও আবহাওয়ার চরিত্রে বড় পরিবর্তনের ইঙ্গিত নেই বলেই জানিয়েছে হাওয়া অফিস। রাজ্য জুড়ে কুয়াশার সতর্কতা রয়েছে। আলিপুর

আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণবঙ্গের সব জেলাগুলিতেই সকালের দিকে কমবেশি কুয়াশা থাকবে। কুয়াশার কারণে দৃশ্যমানতা নামে থেকে ২০০ মিটার পর্যন্ত। হাওয়া অফিস জানিয়েছে, আগামী সাতদিন দক্ষিণবঙ্গে রাতের তাপমাত্রায় খুব বেশি হেরফের হবে না।



রবিবাসরীয় দুপুরে ময়দানে বাঁধ খেলা উপভোগে শিশুরা।

## কালিন্দি মোড়ে রড, পাইপ নিয়ে বিজেপির ওপর হামলার অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: লেক টাউনের কালিন্দি মোড়ে শনিবার রাতে তৃণমূল সমর্থকদের রড-পাইপ নিয়ে হামলায় বিজেপি কর্মী-সমর্থকরা রক্তাক্ত। 'সংকল্প যাত্রা'র রবিবার দুপুরের কর্মসূচির প্রস্তুতিতে পতাকা ঝোলানোর কাজে হঠাৎ আক্রমণ চালায় শাসকদলের লোকজন, অভিযোগ বিজেপির। বিতর্ক থেকে মারপিটে রূপ নিয়ে ঘটনা ছড়িয়ে পড়ে, তিন-চার বিজেপি কর্মী

আহত হয়। অবস্থার গুরুতর দেখে রবিবার সকালে বিধাননগর মহকুমা হাসপাতালে তাদের ভর্তি করা হয়। আক্রান্তদের মধ্যে সক্রিয় কর্মী ও অনুগামী উভয়ই আছেন, জনস্বাস্থ্যবিধি সূত্র। ঘটনাস্থলে দুপুরে পুলিশ পৌঁছলে তখন বিজেপি লোকজনের সঙ্গে তাঁদের বাকবিতণ্ডা বাঁধে। সংঘর্ষে এক পুলিশ কর্মকর্তা আহত হন, ধারালো অস্ত্র কালি থেকে এল তা নিয়ে সন্দেহের সৃষ্টি করেছে।

বিজেপি অভিযোগ, পুলিশের সক্রিয়তা অনুপস্থিত ছিল গুরুতে। এলাকায় উত্তাপ চরমে, বিজেপি নেতারা চাপা স্বরে বলছেন শাসকদলের কূটকৌশলই এর পেছনে। গণতান্ত্রিকভাবে কোনও কর্মসূচি করতে গেলেই তাঁদের উপর হামলা চালানো হচ্ছে, এক নেতা জানান। রবিবারের 'সংকল্প যাত্রা' নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে পুলিশের কাছে কঠোর পদক্ষেপের দাবি তুলেছেন। এক

আহত বিজেপি কর্মী ক্ষোভে ফেটে পড়েন এবং বলেন রড ও পাইপ নিয়ে মারধর করেছে। আমাদের রড দিয়ে মেরেছে। এখানে নাকি বিজেপি করা যাবে না। তৃণমূল কংগ্রেস এখনও নীরব, কোনও নেতা বা মুখপাত্র অভিযোগের জবাব দেননি। স্থানীয়রা বলছেন, পতাকা নিয়ে হঠাৎ বাগড়া থেকে পরিস্থিতি বিস্ফোরক হয়। ঘটনার পূর্ণ চিত্র এখনও

সম্পাদকীয়

# চাপ সৃষ্টির এই কৌশলে কতটা কাজ হবে?

সামনে ছবিবিশের মেগা নির্বাচন। দুর্নীতি-সহ নানা ইস্যু। প্রচণ্ড চাপে রাজ্যের শাসক তৃণমূল কংগ্রেস। গোদের ওপর বিশ্বফোঁড়া এসআইআর। কমিশনের ছাঁকনিতে আটকে গিয়ে ভোটের তালিকা থেকে বাদ পড়তে চলেছে কয়েক লক্ষ নাম। এর সিংহভাগই মৃত, ভূয়ো ও স্থানান্তরিত ভোটার। যাঁরাই এতদিন ছিল তৃণমূলের ‘সম্পদ’। এই মহামূল্যবান ‘সম্পদ’ হাতছাড়া হচ্ছে দেখে মাথা খারাপ হওয়ার জোগাড় তৃণমূলনেত্রীরা। তাই এখন একটাই লক্ষ্য নির্বাচন কমিশন। পান থেকে চুন খসলে কমিশনকে আক্রমণ করে, কমিশনের ভুল খুঁজে খুঁজে বের করে। মোদা কথা, যে কোনও মূল্যে তারা এখন কমিশনকে ভিলেন বানাতে সর্বশক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়েছে। কিন্তু কমিশনের ওপর এই চাপ তৈরি করার খেলায় সাফল্য কতটা আসবে বলা কঠিন। কারণ, মাটি যে আলগা হচ্ছে তা এখন হাড়ে হাড়ে টের পাচ্ছে ঘাসফুল শিবির। বিপদ বুঝে তাই এখন যত দোষ নন্দ ঘোষ, নির্বাচন কমিশন। স্ট্র্যাটেজি এখন একটাই যত পারো কমিশনের ওপর পালটা চাপ তৈরি করে। তাই এখন প্রায় প্রতিদিনই নিয়ম করে তৃণমূল নেতা-নেত্রীদের কাজ হচ্ছে বড় বড় দল নিয়ে কমিশনের দফতরে যাওয়া, ডেপুটেশন জমা দেওয়া। আর বাইরে বেরিয়ে গরমাগরম কথা বলে ক্যাডারদের চাপা রাখার ব্যর্থ চেষ্টা। ভাবখানা এমন, দেখ আমাদের চাপে কমিশন কীরকম একের পর এক সিদ্ধান্ত বদল করতে বাধ্য হচ্ছে! কয়েকদিন আগেই অভিযেক বন্দ্যোপাধ্যায় ১০ জন সাংসদের টিম নিয়ে দিল্লিতে কমিশনে দেখা করেন। এদিকে কলকাতায় সিইও দফতরে তৃণমূলের নেতা, মন্ত্রীদের যাওয়াটা তো প্রায় রুটিনে পরিণত হয়েছে। এরই মধ্যে আইপ্যাক-কাণ্ডের প্রতিবাদ মিছিল শেষে তৃণমূলনেত্রী ফের ডেস্টিনেশন ইলেকশন কমিশন ঘোষণা করেছেন। ফলে যে ঘটনা ঘটুক না কেন, কমিশনের ওপর চাপ তৈরি করাই এখন তাঁদের সিদ্ধ পয়েন্ট ট্যাগেট হয়ে দাঁড়িয়েছে। কারণ, হাতে তো আর কিছুই নেই!

শব্দছক ৪১


১	২	৩	৪	৫
৬	৭	৮	৯	১০
১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০
২১	২২			

পাশাপাশি: ১. সমতল ক্ষেত্রে চতুঃসীমার সমষ্টি ৪। ২. বর্ষ দেশ সন্ধনীয় ৬. সীতাপতি ৭. তপস্যাকারী ৯. চুল তার কবে কার ... ১১. চলতি কথায় পূর্ববধ ১৪. মন্ত্রণে মাদুলি বা তারিখ ১৬. টলিউডের স্বনাম মহানায়ক ১৯. যে অন্য প্রদেশকে কর দেয় ২০. হত্যাক ২১. পশুপক্ষীর তীক্ষ্ণদৃষ্টি ২২. গণেশ ওপর-নিচ: ১. পরাজয় ২. কাগজের পরিমাণ হিসাব করার মাধ্যম ৩. বেঞ্চবীর অপার এক পরিচয় ৪. সভা, মজলিস ৫. যে নদীর অপর নাম বিয়াস ৬. হাট-বাজার, পোকান ৭. যার ইংরাজী প্রতিশব্দ ইনসিওরেন্স ১১. নিশ্চুপ ১২. দরাজ ১৩. কেশ ১৪. হস্ত, রাজস্ব ১৫. সর্প ১৬. শোভিত বিপরীত দিক ১৭. গঙ্গাদেবীর বাহন ১৮. রাজমাটির পথে লো ... বাজে ২০. মন্দ

সমাধান ৪০ — পাশাপাশি: ১. আতপ ৩. পাটনারী ৫. ক্ষমতা ৬. রূপা ৭. লক্ষ্যের ৯. চাতক ১. সর্ষ ১২. ভোলানাথ ১৪. কর ১৫. মহিমা ১৬. পক্ষ ১৮. রিক্ততা ওপর-নিচ: ১. আত ২. পক্ষপাত ৩. পাতাল ৪. নীহার ৬. কীচাকলা ৮. কলেবর ১১. রকমারি ১২. ভোজন ১৩. থমক ১৬. দাতা

আজকের দিন

- ১৯০৮ — আইফেল টাওয়ার থেকে প্রথম দূরপাল্লার রেডিও বার্তা সম্প্রচারিত হয়।
- ১৯৩২ — হ্যাটি ডব্লিউ. ক্যারায়ের মার্কিন সিনেটে নির্বাচিত প্রথম মহিলা হন।
- ১৯৯১ — মার্কিন কংগ্রেস পারস্য উপসাগরীয় যুদ্ধে ইরাকে বিরুদ্ধে শক্তি প্রয়োগের জন্য রাষ্ট্রপতি বুশকে অনুমোদন দেয়।



**জন্মদিন**  
 ১৯৫৮ বিশিষ্ট অভিনেতা অরুণ গোস্বালের জন্মদিন।  
 ১৯৬৪ বিশিষ্ট রাজনীতিবিদ অজয় মাকেনের জন্মদিন।  
 ১৯৭২ বিশিষ্ট রাজনীতিবিদ প্রিয়ান্কা গান্ধির জন্মদিন।  
 প্রিয়ান্কা গান্ধি

আজ স্বামী বিবেকানন্দের জন্মদিবস উপলক্ষে বিশেষ

# চিন্তানায়ক স্বামী বিবেকানন্দ আজকের ভাবনায়

শান্তনু রায়

I am a socialist not because it is perfect but half a loaf is better than no bread.  
 তিনি নিজেকে সমাজতন্ত্রী ভাবতেন-দ্বিধাহীন বলিষ্ঠ কণ্ঠে একথা তিনি বলতে পেরেছিলেন আজ থেকে এক শতকেরও অনেক আগে। এদেশের জাতীয় পরিসরে সাম্যবাদের প্রথম প্রবক্তা তিনিই। পশ্চিম থেকে মার্ক্সবাদের চেউ এদেশে পৌঁছানোর অনেক পূর্বেই তিনি তাঁর মত করে সাম্যবাদের কথা বলেছিলেন। দরিদ্র অনাহারী শ্রমজীবী মানুষের কথা এত স্পষ্ট উচ্চারণে তাঁর আগে এদেশে বিশেষ কেউ বলেননি।  
 আবার তিনিই বলেন ত.....ইতিমধ্যে ভারতবর্ষে প্রচণ্ডভাবে ধর্মীয় জাগরণ সম্পাদিত হয়েছে। গৌরবের মত সামনে বিপদের সঙ্কটও আছে। ধর্মীয় জাগরণের ক্রান্তিলগ্নে দেখা যায় ধর্মীয় উন্মাদনা ও উগ্র কার্যাবলী। অবস্থা এমন দাঁড়ায় যে জাগরণের প্রবক্তারাও এই উন্মাদনা সংঘাত করতে অক্ষম হয়।  
 এবং -একটা কথা সর্বদা মনে রাখবে, সামাজিক রীতিনীতির সামান্য পরিবর্তনে ধর্মকে হারানোর কোন কারন নেই।... জ্ঞানী পুরুষদের আগমন হবে এবং তারা সুন্দর পথে সমাজকে পরিচালিত ও পরিবর্তিত করবে।  
 কালের চাহিদা অনুযায়ী মত ও পথ নির্ধারিত হবে। এই ধরনের ঘটনা পরিক্রমা ছাড়া সমাজের অস্তিত্বই অসম্ভব।..... মহাসাগরের মতন অতল, আকাশের মতন অসীম হৃদয়েই আমাদের প্রয়োজন বিশেষ কোন দেশ হতে পারেনি এমনভাবে প্রগতিশীল হতে হবে। সাথে সাথে ঐতিহ্যের প্রতি বিশ্বাসী ও রক্ষণশীল হতে হবে।  
 আজ থেকে প্রায় একশ তিরিশ বছর আগে মাদুরাইয়ে এক সভায় এক হিন্দু সন্ন্যাসীরা (?) এমনতর প্রগতিশীল অভিভাষণ আজও বোধকরি সমান প্রাসঙ্গিক।  
 তিনি সাধনসাধিক বর্ষ পূর্বে ঊনবিংশ শতাব্দীর ছয়ের দশকে এমনিই দিনে (১২৭০ বঙ্গাব্দে ২২শে পৌষ, ১২ই জানুয়ারি ১৮৬৩) বাংলার উত্তর নবজাগরণ পূর্বে উত্তর কোলকাতার শিমুলিয়ার (সিমলে পাড়া) এক প্রগতিশীল মধ্যবিত্ত পরিবারে জাত বঙ্গসন্তান নরেন্দ্রনাথ(দত্ত), পরবর্তীকালে বিবিধানন্দ ওরফে স্বামী বিবেকানন্দ নামে জগতখ্যাত।  
 নিতান্ত কিশোর বয়সে বাবার বৈঠকখানায় আসা মুসলমান মসজিদের কাছ থেকে নিয়ে সোংসাহে মিষ্টি খাওয়া কিংবা সেখানে আসা বিভিন্ন জাতের এবং ধর্মের লোকদের জাতের গরিমা বজায় রাখার জন্য পৃথক পৃথক ঠিকের ব্যবস্থা জেনে কিভাবে ‘জাত যায়’ পরখ করার কৌতুহলে প্রতিটি ঠিকোয় টান দেওয়ার ঘটনার মধ্য দিয়ে জাতিভেদ প্রথার মত কুসংস্কারের প্রতি তাঁর মনোভাব স্পষ্ট হয়ে যায়।  
 আবার এক অভিজাত মধ্যবিত্ত পরিবারে জন্ম গ্রহণ করলেও এটাই বাবার আকস্মিক মৃত্যুতে চরম দারিদ্র্যে মা ও আটটি ছোট ছোট ভাইবোনের নিয়ে বিপাকে পড়েন তরুণ নরেন। প্রায় অনাহারে দিন কাটলেও দক্ষিণেশ্বরে একদিন গেলে ঠাকুর রামকৃষ্ণের পাঁড়িপাড়িতে মায়ের মন্দিরে গিয়েও নিজের দুঃখ কষ্ট, সাংসারিক অভাব অনটনের কথা বলতে পারলেন না। শেষবার মন্দির গিয়ে বলতে পারলেন- আর কিছু চাইনে, জ্ঞান দাও, বিবেক দাও আর ভক্তি দাও।  
 সত্যই নিজের সুখ দুঃখ অভাব অনটন তাঁর কাছে গৌণ। তাঁর আবির্ভাব তো সমস্ত মানুষের দুঃখ যাতনা দূর করার জন্য, কিম্বিয়ে পড়া সঙ্কুচিত মানুষদের সিংহবিক্রমে উজ্জীবিত করতে, মুঢ় মুগ্ধ মনে মুখে ভাষা দিতে। মানবসেবাই দেবসেবার সর্বশ্রেষ্ঠ উপায়- এমনই তিনি আহরণ করেছিলেন আত্মস্থ করছিলেন গুরু রামকৃষ্ণ পরমহংসদেবের কাছ থেকে।  
 ভারতীয় ধর্মের মর্মবাণীর উদগাতা এই শিক্ষিত উদারমনস্ক দেশীপামান প্রতিভা একাধারে সন্ন্যাসী ও যোদ্ধা। তিনি একক প্রচেষ্টায় বলিষ্ঠ উচ্চারণে প্রচারের আলোকোজ্জ্বল ভাবমূর্তি, ভারতীয় বৈদান্তিক দর্শন ও বেদাগ এর বানী পাশ্চাত্যের শিক্ষিত পরিমন্ডলে পৌঁছে দেন। শিকাগোর ধর্মমহাসভায় তিনি হিন্দু ধর্মের প্রতিনিষ্ঠিত করলেও তিনি আসলে ভারতবর্ষের অন্তর্নিহিত মানবতাবাদী দর্শনকে, ধর্মীয় সহনশীলতাকেই উপস্থাপন করেছেন। সাধারণভাবে সীমিত জ্ঞানে তাঁকে একজন হিন্দুসন্ন্যাসী বা ধর্মীয় ব্যক্তিত্ব হিসেবে ভারতেই আমরা অভ্যস্ত-কেউ বা ভাবি একই আধারে যেন দ্বৈতসত্তা। কিন্তু দেশপ্রেম এবং মানবসেবার সাংসাহে দেশ গঠনের পরিকল্পনা ও সমাজ বিজ্ঞানের সুগভীর বিশ্লেষণ তাঁর চিন্তনে সর্বদা ছিল। তাঁর রচনাবলীর তম্ভিত পাঠে মুগ্ধ ও সজ্জ হতে হয় তাঁর মাত্র ৩৯ বছরের স্বল্পায়ু জীবনের সুগভীর পাণ্ডিত্য, প্রজ্ঞা এবং মনীষার অনুভবে। তাঁর কলেজের অধ্যক্ষ উইলিয়াম হেস্টিংস মূল্যায়নে এই জ্ঞানদীপ্তি -“Narendra is really a genius. I have travelled far and wide but I have never come across a lad of his talents and possibilities even in German Universities- among philosophical students.”  
 দার্শনিক হিউম, ইম্যানুয়েল কান্ট, জন স্টুয়ার্ট, ফিকতে, স্পিনোজা, হেগেল, আর্থার সোপেনহোয়ার এবং ভারতীয় উন্নয়ন জাগরণের মোড়ও ঘুরে যায়।  
 তিনি চেয়েছিলেন ভারতবর্ষকে আধ্যাত্মিক উন্নতির শিখরে প্রতিষ্ঠা করতে। জাতি হিসেবে ভারতবর্ষের আত্মিক জাগরণে তিনি সর্বদা উজ্জীবিত উদ্ভুদ্ধ এবং উদ্দীপ্ত করতে সচেষ্ট থেকেছেন। তাই ছিল তাঁর বলিষ্ঠ আহ্বানঃ হে ভারত ভুলিও না- নীচ জাতি, মুর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই! হে বীর, সাহস অবলম্বন কর; সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল, মুর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, চন্ডাল ভারতবাসী আমার ভাই।



দার্শনিক হিউম, ইম্যানুয়েল কান্ট, জন স্টুয়ার্ট, ফিকতে, স্পিনোজা, হেগেল, আর্থার সোপেনহোয়ার এবং ভারতীয় উন্নয়ন জাগরণের মোড়ও ঘুরে যায়। তিনি চেয়েছিলেন ভারতবর্ষকে আধ্যাত্মিক উন্নতির শিখরে প্রতিষ্ঠা করতে। জাতি হিসেবে ভারতবর্ষের আত্মিক জাগরণে তিনি সর্বদা উজ্জীবিত উদ্ভুদ্ধ এবং উদ্দীপ্ত করতে সচেষ্ট থেকেছেন। তাই ছিল তাঁর বলিষ্ঠ আহ্বানঃ হে ভারত ভুলিও না- নীচ জাতি, মুর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই! হে বীর, সাহস অবলম্বন কর; সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল, মুর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, চন্ডাল ভারতবাসী আমার ভাই।

হয়ত বা গুরু রামকৃষ্ণের ‘যত মত তত পথ’ বাণী। তিনি আত্মিক ছিলেন; একেশ্বরবাদী নন। কিন্তু আচার বিচার সর্বশ্ব ধর্মে তাঁর আস্থা ছিলনা। ধর্মের নামে কুসংস্কার ও বৃজরুকির তিনি তীব্র বিরোধিতা করেছেন চিরকাল। প্রাথমিকভাবে ব্রাহ্মসমাজের প্রতি অনুরক্ত হলেও ১৮৮১ সালে দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের সঙ্গে তাঁর সাক্ষাতের পর তাঁর মানসলোকের তাৎপর্যপূর্ণ পরিবর্তন ঘটে, জীবনের মোড়ও ঘুরে যায়। তিনি চেয়েছিলেন ভারতবর্ষকে আধ্যাত্মিক উন্নতির শিখরে প্রতিষ্ঠা করতে। জাতি হিসেবে ভারতবর্ষের আত্মিক জাগরণে তিনি সর্বদা উজ্জীবিত উদ্ভুদ্ধ এবং উদ্দীপ্ত করতে সচেষ্ট থেকেছেন। তাই ছিল তাঁর বলিষ্ঠ আহ্বানঃ হে ভারত ভুলিও না- নীচ জাতি, মুর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই! হে বীর, সাহস অবলম্বন কর; সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল, মুর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, চন্ডাল ভারতবাসী আমার ভাই।  
 তিনি চেয়েছিলেন ভারতবর্ষকে আধ্যাত্মিক উন্নতির শিখরে প্রতিষ্ঠা করতে। জাতি হিসেবে ভারতবর্ষের আত্মিক জাগরণে তিনি সর্বদা উজ্জীবিত উদ্ভুদ্ধ এবং উদ্দীপ্ত করতে সচেষ্ট থেকেছেন। তাই ছিল তাঁর বলিষ্ঠ আহ্বানঃ হে ভারত ভুলিও না- নীচ জাতি, মুর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই! হে বীর, সাহস অবলম্বন কর; সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল, মুর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, চন্ডাল ভারতবাসী আমার ভাই।  
 আবার ‘সারভাইবল অব দি ফিটস্ট’ তত্ত্বের সমালোচনা করে তিনি বলেছিলেন-ত তাহারা বলেন, অজ্ঞ বা গরীবদিগকে স্বাধীনতা দিলে অর্থাৎ তাহাদের শরীর ধন ইত্যাদিতে তাহাদের পূর্ন অধিকার দিলে এবং

বারংবার বলেছেন- আমার মূলমন্ত্র হচ্ছে ব্যক্তিত্বের বিকাশ। আর ব্যক্তিত্ব বিকাশের শর্তই হল স্বাধীনতা। তিনি সোম্যের কথাও বলেছেন। তবে এক ছাঁচে ঢালা সমাজব্যবস্থার পক্ষে নন তিনি। তাঁর কথায়-আমরা যতই চেষ্টা করিনা কেন, সকল মানুষ একরূপ হউক-ইহা কখনই সম্ভব হইবেনা। মানুষ পরস্পর পৃথক হইয়াই জন্মগ্রহণ করে।...কেহ সর্বাসুন্দর হইবে, কেহ কেহ হইবেনা। (আমরা কখনও এই পার্থক্য বন্ধ করিতে পারি না।)

